



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৩.২০২৩/১৩৪৮৭

তারিখ: ১৫/০৫/২০২৩খ্রি.

বিষয়: বালকাঠি জেলার কাঠালিয়া উপজেলাধীন শহীদ রাজা ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ সংক্রান্ত।

সূত্র: (১) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১৯৯৩/২০২৩ এর আদেশ

(২) জনাব কাজী হেমায়েত হোসেন, সহকারী অধ্যাপক- এর ১৫/১২/২০২২ এবং ১৩/০৩/২০২৩ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, “বালকাঠি জেলার কাঠালিয়া উপজেলাধীন শহীদ রাজা ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব আবুল বশার হাওলাদার জাতীয় বিশ্ববিদ্যালয়ের চিঠির প্রেক্ষিতে গর্ভনিংবডি বিগত ১০-০৩-২০২০ইং তারিখ বরখাস্ত করেন। সে মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের নিয়ম থাকলেও বিধি লঙ্ঘন করে ২য় জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন মর্মে জনাব কাজী হেমায়েত হোসেন(ইনডেক্স-৪০৪১৩৯), সহকারী অধ্যাপক (জীববিজ্ঞান) একখানা অভিযোগ এ দপ্তরে দাখিল করেন। তার আবেদন নিষ্পত্তি না হওয়ায় জনাব কাজী হেমায়েত হোসেন সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৯৯৩/২০২৩ দায়ের করেন। মহামান্য হাইকোর্টের প্রদত্ত রায় অনুযায়ী এ দপ্তরের আইন শাখার মতামত নিম্নরূপ:

“মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৯৯৩/২০২৩ এর আদেশ অনুসারে পিটিশনারের ১৮/১২/২০২২ তারিখে আবেদন (Annexure-'D') বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে এবং নিষ্পত্তির বিষয়টি পিটিশনারকে অবহিত করতে হবে।”

আইন শাখার উপরোক্ত মতামত অনুযায়ী এ দপ্তর কর্তৃক জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ এর ১৩ অনুচ্ছেদ মোতাবেক তার আবেদন নিষ্পত্তির সিদ্ধান্ত গৃহীত হয়।

অনুচ্ছেদ-১৩: “**জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ:** শিক্ষক-কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের সংশ্লিষ্ট পদে প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে ঐ প্রতিষ্ঠানের যোগদানের তারিখ বিবেচনা করা হবে। তবে কোনো শিক্ষকের নিয়োগ নিয়মিতকরণ করা হলে নিয়মিতকরণের তারিখ যোগদানের তারিখ হিসেবে গণ্য হবে। যোগদানের তারিখ একই হলে জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে। জন্ম তারিখ একই হলে একাডেমিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে। এক্ষেত্রে একাডেমিক পরীক্ষার ফলাফল বলতে এসএসসি/সমমান এবং তদুর্ধ্ব পাবলিক পরীক্ষাসমূহের ফলাফল বুঝাবে।”

এমতাবস্থায়, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ এর অনুচ্ছেদ-১৩ মোতাবেক বালকাঠি জেলার কাঠালিয়া উপজেলাধীন শহীদ রাজা ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানপূর্বক ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উল্লিখিত নির্দেশনা প্রতিপালনে ব্যত্যয় হলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

সভাপতি

গর্ভনিংবডি, শহীদ রাজা ডিগ্রি কলেজ

কাঠালিয়া, বালকাঠি।

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল
২. শিক্ষা অফিসার (আইন-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহামান্য আদালতকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)
৩. জেলা শিক্ষা অফিসার, বালকাঠি (প্রাপকের পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাঠালিয়া, বালকাঠি (পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)
৫. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), শহীদ রাজা ডিগ্রি কলেজ, কাঠালিয়া, বালকাঠি।
৬. জনাব কাজী কাজী হেমায়েত হোসেন, সহকারী অধ্যাপক(জীববিজ্ঞান), শহীদ রাজা ডিগ্রি কলেজ, কাঠালিয়া, বালকাঠি।
৭. সংরক্ষণ নথি।